বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সূত্র নং- বিএসইসি/সার্ভেইল্যান্স/মুখপাত্র(৫ম খন্ড)/২০১৯/৩০০ তারিখঃ ১৮ জৈষ্ঠ্য, ১৪২৯ বঙ্গাব্দ
০১ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ

# প্রেস বিজ্ঞপ্তি

৮২৫ তম কমিশন সভা অদ্য ০১/০৬/২০২২ তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে ঃ-

০১. কমিশন অদ্যকার সভায়, IFIC Bank Limited এর ৫০০ (পাঁচশত) কোটি টাকার ০৭ বছর মেয়াদী Unsecured, Non-convertible, Fully Redeemable, Floating Rate, Subordinated Bond এর প্রস্তাব অনুমোদন করেছে। স্থানীয় আর্থিক প্রতিষ্ঠান, ইনস্যুরেন্স কোম্পানি, বিভিন্ন কর্পোরেটস সহ অন্যান্য যোগ্য বিনিয়োগকারীদের মাঝে প্রাইভেট প্লেসমেন্টের মাধ্যমে বন্ডটি ইস্যু করা হবে। উল্লেখ্য, এই বন্ড ইস্যুর মাধ্যমে বিভিন্ন প্রতিষ্ঠান থেকে অর্থ উত্তোলন করে IFIC Bank Limited এর Tier-II Capital Base শক্তিশালী করবে। এই বন্ডের প্রতি ইউনিটের অভিহিত মূল্য ১,০০,০০,০০০/- (এক কোটি) টাকা। বন্ডটির Trustee এবং Mandated Lead Arranger হিসাবে যথাক্রমে Sena Kalyan Insurance Company Limited এবং Standard Chartered Bank (SCB) কাজ করছে। এছাড়াও উক্ত বন্ডটিকে Alternative Trading Board এ অন্তর্ভুক্ত করার জন্য শর্তারোপ করা হয়।

০২. কমিশন অদ্যকার সভায়, বে-মেয়াদি 'Sandhani AML SLIC Fixed Income Fund (Open-end)'এর খসড়া প্রসপেক্টাস অনুমোদন করেছে। ফান্ডটির প্রাথমিক লক্ষ্যমাত্রা হচ্ছে ৫০ কোটি টাকা। এর মধ্যে উদ্যোক্তা 'সন্ধানী লাইফ ইন্স্যুরেন্স কোম্পানি লিমিটেড' ১০ কোটি টাকা প্রদান করেছে (ফান্ডের প্রাথমিক আকারের ২০ শতাংশ) এবং বাকি টাকা সাধারণ বিনিয়োগকারীগণের জন্য উন্মুক্ত থাকবে। ফান্ডটির ইউনিট প্রতি অভিহিত মূল্য ১০ টাকা। উক্ত ফান্ডের সম্পদ ব্যবস্থাপক হলো 'সন্ধানী অ্যাসেট ম্যানেজমেন্ট লিমিটেড'। ফান্ডের ট্রাস্টি এবং কাস্টডিয়ান হিসেবে কাজ করছে যথাক্রমে 'বাংলাদেশ জেনারেল ইন্স্যুরেন্স কোম্পানি লিমিটেড' এবং 'ব্র্যাক ব্যাংক লিমিটেড'।

01-06-2022
মোহাম্মদ রেজাউল করিম
নির্বাহী পরিচালক ও মুখপাত্র